সংযুক্তি : ৩/১

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

"দেশ প্রেমের শপথ নিন-দুর্নীতিকে বিদায় দিন"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

## অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : এম. এ. মাজেদ, ব্যবস্থাপনা পরিচালক |
| তারিখ | : ২৭-১২-২০২১ |
| সময় | : সকাল ১১.০০টা |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক ও জুম প্ল্যাটফর্ম/রেকর্ডেড |

১.০ আলোচনা :

১.১ সভার প্রারম্ভে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভায় স্বশরীরে অংশগ্রহণকারী কোম্পানির সম্মানিত Stakeholder-বৃন্দ, জুম প্ল্যাটফর্মে সংযুক্ত/অংশগ্রহণকারী পেট্রোবাংলার মহাব্যবস্থাপক পরিকল্পনা কৌশল ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা এবং পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের প্রতিনিধি, এ সভা কক্ষে উপস্থিত মহাব্যবস্থাপকবৃন্দসহ সকল কর্মকর্তাকে সালামসহ স্বাগত জানান।

১.২ স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের বিজয়ের মাসে কোম্পানির পক্ষ হতে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন জ্ঞাপন করেন। সভায় উল্লেখ করেন, জাতীয় মুক্তির ঐতিহাসিক সংগ্রাম ও নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর নেতৃত্বে বাংলাদেশের জনগণ স্বাধীনতা অর্জন করেছে। এই দীর্ঘ সংগ্রামের চালিকাশক্তি ছিল একটি সুখী, সমৃদ্ধ ও শান্তিপূর্ণ সমাজের স্বপ্ন। জাতির পিতার এ স্বপ্ন বাস্তবায়নের ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা অবিচ্ছেদ্য কার্যক্রম এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যেই জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা। অভিষ্ট লক্ষ্যকে সামনে নিয়ে কেজিডিসিএল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর ২০২১) Stakeholders সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। মূলত সুখী সমৃদ্ধ ও দারিদ্রমুক্ত সোনার বাংলা গড়ার প্রত্যয়ে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে। এটি বাস্তবায়নের ধারাবাহিকতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা নির্দেশনা মোতাবেক কেজিডিসিএলও কর্মপরিকল্পনা গ্রহণ করে ও বাস্তবায়ন করে যাচ্ছে। কেজিডিসিএল কর্মপরিকল্পনা প্রাতিষ্ঠানিক ব্যবস্থা হিসেবে আজকের এ Stakeholders সভা। সভায় তিনি মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তি সংগ্রামে আত্মদানকারী সকল বীর শহীদের প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করেন। উপস্থিত Stakeholder-দের মূল্যবান মতামত প্রদানের মাধ্যমে কোম্পানি পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা কামনা করেন ও Stakeholder-দের পরামর্শে কোম্পানির কার্যক্রম উত্তরোত্তর অগ্রযাত্রায় পৌছাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

১.৩ সভায় আলোচনা হয় যে, সুশাসন প্রতিষ্ঠা ও গ্রাহক সেবা বৃদ্ধিকরণের ক্ষেত্রে জনস্বার্থ বিবেচনা সর্বোচ্চ অগ্রাধিকার। এ লক্ষ্যে সকল পর্যায়ে সচেতনতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে সরকার বহুমাত্রিক কার্যক্রম পরিচালনা করছে। তন্মধ্যে বার্ষিক কর্মসম্পদান চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), তথ্য অধিকার (RTI) ইত্যাদি সবিশেষ উল্লেখযোগ্য। সভায় জানানো হয় যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত Stakeholders সভা বা বিভিন্ন গণশুনানিতে অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, সিটিজেন চার্টার ইত্যাদি

বিষয়ে জনগণকে জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। তদালোকে আজকের এই সভায় NIS কার্যক্রমসহ কোম্পানির সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্তৃক নিম্নোক্তভাবে আলোচনায় অংশগ্রহণ করেন :

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) :
  কোম্পানির এপিএ টিমের পক্ষ হতে আলোচনা হয় যে, সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির ফলাফলধর্মী উৎসাহ প্রদান এবং কার্যক্রমের পারফরমেন্স মূল্যায়নের লক্ষ্যে ২০১৪-২০১৫ অর্থ বছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা APA প্রবর্তন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ প্রতি বছর "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি" প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা প্রকাশ করে থাকে। চলমান অর্থ বছরে এপিএ'র কাঠামোতে কিছু উন্নয়ন ও পরিবর্তন সাধন করা হয়েছে; যেমন-সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহ (জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার) সমন্বিতভাবে এপিএ'র অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। সে ধারাবাহিকতায় চলমান অর্থ বছরের জন্য কেজিডিসিএল APA চুক্তি সম্পাদন করেন। সম্পাদিত চুক্তির আলোকে কোম্পানির কার্যক্রম নির্ধারিত ছকে বর্ণনা করে মাসিক/ত্রৈমাসিকভাবে অর্জিত ফলাফল যথাযথ কর্তৃপক্ষকে জানানোর কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২১) বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। চলমান ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২১) বাস্তবায়নের অংশ হিসেবে NIS, GRS, CC, RTI শীর্ষক অদ্যকার Stakeholders সভা আহ্বান করা হয়েছে। আশা করা যায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টার বাস্তবায়ন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হবে।

- জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) :
  সভায় আলোচনা হয় NIS কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানিতে বিদ্যমান নৈতিকতা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কার্যক্রমের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় এবং বাস্তবায়ন করে যাচ্ছে। চলমান অর্থ বছরে ৪ কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২১) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। চলমান ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২১) আগামী ৩১ ডিসেম্বর বাস্তবায়নের সময়কাল সমাপ্ত হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান কোয়ার্টারের কার্যক্রমও শতভাগ বাস্তবায়ন সম্ভব হবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

- অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) :
  অভিযোগ প্রতিকার কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টের পক্ষে বক্তব্য তুলে ধরা হয়। সভায় জানানো হয় ত্রৈমাসিক ভিত্তিতে প্রাপ্ত অভিযোগগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে। চলমান কোয়ার্টারে কোম্পানির আন্তরিক প্রচেষ্টায় ২৭টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে। ১৭টি অভিযোগ নিষ্পন্নের কার্যক্রম চলমান রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় জনগণ উপকৃত হচ্ছে। যেটি সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

- সেবা প্রদান প্রতিশ্রুতি (CC) :
  কোম্পানির সিটিজেন চার্টার সংক্রান্ত কমিটির পক্ষ হতে সভায় কেজিডিসিএল প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতির ভিশন, মিশন বিষয়ে আলোকপাত করা হয়। নাগরিক সেবা প্রদানের প্রতিশ্রুতির আলোকে একজন গ্রাহক কীভাবে কার কাছ থেকে সেবা পেতে পারেন বা সেবা নিতে কী কী দলিলাদির প্রয়োজন হবে তা জনস্বার্থে প্রকাশ করা হয়। পাশাপাশি প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ কার্যক্রমও সিটিজেন চার্টারের মাধ্যমে সংশ্লিষ্ট পক্ষের জানার সুযোগ রয়েছে। কোম্পানির সিটিজেন চার্টারভুক্ত যাবতীয় সেবা কার্যক্রম কোম্পানির ওয়েবসাইট-এ আপলোড করা আছে মর্মে সভায় উল্লেখ করা হয়। সিটিজেন চার্টারের মাধ্যমে জনগণ উপকৃত হচ্ছে।

- তথ্য অধিকার (RTI) :
  কোম্পানির RTI সংশ্লিষ্ট বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সভায় উল্লেখ করেন যে, RTI এর আলোচিত বিষয়গুলো দেশের জনগণের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত, মৌলিক অধিকার হতে জনগণ কোনভাবেই যাতে বঞ্চিত না হয় সে লক্ষ্যকে সামনে নিয়ে তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী সরকার তথ্য কমিশন গঠন করে ও তদনুযায়ী প্রতিটি প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্মকর্তা নিয়োগের ধারাবাহিকতায় কেজিডিসিএলও তা প্রতিপালন করে। তদালোকে আমরা জনস্বার্থে বিধি-বিধান মেনে তথ্য প্রদান করি। সভায় জানানো হয় যে, আমাদের গ্রাহক সংশ্লিষ্ট ও দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে সময় সময় Stakeholder প্রান্ত হতে টেলিফোনে কিংবা মোবাইল ফোনে তথ্য জানতে চান। তথ্য অধিকার আইন অনুযায়ী এই প্রক্রিয়ার তথ্য প্রদানের কোন সুযোগ নেই। সম্মানিত

Stakeholder-দের জানানো হয় যে, তথ্য অধিকার আইন-২০০৯ এবং তথ্য প্রাপ্তি বিধিমালা-২০১০ অনুযায়ী নির্ধারিত ফরম পূরণ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন দাখিল করলে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট হতে তথ্য সংগ্রহক্রমে তা যাচাই-বাছাই করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের আলোকে ই-মেইল, সরাসরি অথবা ডাকযোগে আবেদনকারীকে চাহিদাকৃত তথ্য প্রদান/সরবরাহ করা অব্যাহত রয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ ও বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির নিমিত্ত মাননীয় তথ্য কমিশনে কোম্পানির প্রতিবেদন প্রেরণ করা হয়।

১.৪ সভায় স্বশরীরে উপস্থিত গ্রাহক পর্যায়ের Stakeholder-গণ তাঁদের সমস্যা ও চাহিদা সংক্রান্ত বিষয়সমূহ তুলে ধরেন :

- চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর সম্মানিত পরিচালক ও এ্যাপোলো সুইং এন্ড গামের্ন্টেস এর ব্যবস্থাপনা পরিচালক জনাব অঞ্জন শিকর দাস কেজিডিসিএল কর্তৃপক্ষকে ব্যবসায়ী সমাজের পক্ষ থেকে শুভেচ্ছা জানিয়ে বৃহত্তর চট্টগ্রামের সাধারণ জনগণ ও ব্যবসায়ীদের গ্যাস সংকট নিরসন ও সেবার মান বৃদ্ধির লক্ষ্যে কেজিডিসিএল বাস্তবায়নে চট্টগ্রাম চেম্বারে ভূমিকার কথা তুলে ধরেন ও কেজিডিসিএল ব্যবসায়ীদের স্বার্থ সংরক্ষণে কাজ করবে মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন। তিনি বলেন চট্টগ্রামে শিল্পায়নের যেই জোয়ার সৃষ্টি হয়েছিল একবিংশ শতাব্দীর শুরুতে এসে তা হোঁচট খায়, যার প্রদান কারণ ছিল গ্যাস ও বিদ্যুৎ সংকট। সংকটের মুখে এক পর্যায়ে অনেক ব্যবসায়ী উৎপাদনে যেতে অক্ষম হয়ে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং নতুন উদ্যোক্তাগণ ক্রমেই চট্টগ্রাম বিমুখী হয়ে অন্যত্র তাদের শিল্প স্থাপনা গড়ে তুলেন। এহেন প্রেক্ষাপটে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষণা দিয়ে চট্টগ্রামের উন্নয়নভার তিনি নিজ কাঁধে তুলে নেন। যার ফলশ্রুতিতে বঙ্গবন্ধু শিল্প নগরসহ বিশেষায়িত বেশ কয়েকটি শিল্পাঞ্চল বৃহত্তর চট্টগ্রামকে ঘিরে আশার সঞ্চার করে ও উদ্যোক্তরা এতদসংশ্লিষ্ট শিল্প অঞ্চলে বিভিন্ন মেগা প্রকল্পে বিনিয়োগ করে। তিনি আরো বলেন, দীর্ঘ সময় যাবৎ করোনা মহামারীর কারণে সারা বিশ্বের অর্থনৈতিক কার্যক্রমে স্থবিরতা দেখা দিলেও আমাদের দেশে এ চিত্র কিছুটা ভিন্ন। নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ও গুণগত ইউটিলিটিজ দেশের উৎপাদন সচল রাখার ক্ষেত্রে যথেষ্ট ভূমিকা রাখে। তিনি সভায় উল্লেখ করেন গ্যাস সংযোগ প্রদানে ধীরগতি হলে ব্যাংক ঋণের সুদ বহন করাসহ ক্যাপিটেল মেশিনারীজ অকার্যকর অবস্থায় ব্যবসায়ীগণ আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হতে হয় এবং শিল্প প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তনের ক্ষেত্রেও বিলম্বজনিত সমস্যার সৃষ্টি হয়। এ ধরনের সমস্যার ক্ষেত্রে কেজিডিসিএল কর্তৃপক্ষকে বিশেষ নজর দেয়ার অনুরোধ জানান। তাছাড়া তিনি ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে অগ্রাধিকার ভিত্তিতে গ্যাস সংযোগ প্রদান, আবসিক ও সিএনজি খাতে গ্যাস সংযোগ চালু করার এবং গ্যাস লাইন সংক্রান্ত সিএমএস-সহ অন্যান্য সমস্যা এ ধরণের মালামাল আপনাদের গুণগত চাহিদামত ইমপোর্ট করে নিজস্ব অর্থায়নে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান।
- এস এ গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ-এর জেনারেল ম্যানেজার জনাব মো. দিদারুল আলম বলেন এ ধরনের সভা আয়োজনের মাধ্যমে কেজিডিসিএল ও গ্রাহক পর্যায়ের মধ্যে আন্তরিক সম্পর্ক গড়ে ওঠে, যার মাধ্যমে Stakeholder-দের অনেক সমস্যা আলোচনার মাধ্যমে সহজে সমাধান সম্ভব হয়। আমি এ ধরনের সভাকে ভালো উদ্যোগ মনে করি। তিনি বলেন, আমাদের অনেক কিছুর সীমাবদ্ধতা রয়েছে। তারপরও জাতীয় স্বার্থে উৎপাদন বৃদ্ধিকরণ ও কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে উদ্যোগক্তাগণ বিনিয়োগ করেন। সে আলোকে আমাদের বিনিয়োগকৃত প্রতিষ্ঠান এস এ পাল্প এন্ড পেপার প্রোডাক্টস লিঃ প্রায় ১১ বছর পর গ্যাস সংযোগ হয়। নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ও পর্যাপ্ত গ্যাসের চাপজনিত সমস্যা দেখা দিলে সরবরাহ লাইনে ময়লা আসার ফলে উৎপাদন ব্যাহত হয় তাতে উৎপাদন ব্যয় বৃদ্ধির ফলে প্রতিষ্ঠান আর্থিক ক্ষতিগ্রস্থ হয়। এ বিষয়টি নিরসনের লক্ষ্যে কেজিডিসিএল-এর সজাগ দৃষ্টি কামনা করেন।
- মেসার্স জি সি বক্স লিঃ এর মহাব্যবস্থাপক জনাব আবদুস শুক্কুর তাদের প্রতিষ্ঠানের লোড বৃদ্ধির আবেদন অনুযায়ী অনুমোদন পাওয়ায় কেজিডিসিএল কর্তৃপক্ষের প্রতি সন্তোষ প্রকাশ করেন।
- মেসার্স এন,এফ, জেড টেরী টেক্সটাইল এর ডিরেক্টর জনাব শহীদুল আলম জানান করোনা পরিস্থিতি একটু স্বাভাবিক হওয়ার কারণে তাদের অর্ডার ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এ ধারাবাহিকতা ধরে রাখতে হলে ১২ ঘন্টা উৎপাদনের স্থলে ১৬ ঘন্টা উৎপাদন করতে পারলে গ্যাস নির্ভর ইন্ডাস্ট্রিজটি জাতীয় রাজস্বখাতে অবদান রাখতে পারবে। এ ক্ষেত্রে উৎপাদন ঘন্টা বৃদ্ধির বিষয়টি কেজিডিসিএল কর্তৃপক্ষের বিবেচনার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়।

- মেসার্স ইয়ং ইন্টারন্যাশনার (বিডি) লিঃ এর জেনারেল ম্যানেজার জনাব আবু ইউসুফ মজুমদার তাদের লোড বৃদ্ধির আবেদনটি সহানুভূতির সহিত বিবেচনা করার জন্য সভায় অনুরোধ জানান।
- মেসার্স ম্যাফ ফুট ওয়্যার লিমিটেড এর এজিএম জনাব মীর রবিউল হোসেন বলেন ওনাদের আবেদন অনুযায়ী ক্যাপটিভ কানেকশান পাওয়ায় কেজিডিসিএলকে ধন্যবাদ জানান এবং বঙ্গবন্ধু শিল্পনগরে ওনাদের নতুন প্রতিষ্ঠানে গ্যাস সংযোগের পাওয়ার ক্ষেত্রে সহযোগিত কামনা করেন।
- মেসার্স এস.আলম গ্রুপের মহাব্যবস্থাপক জনাব রফিকুল ইসলাম কেজিডিসিএল-এর বর্তমান কার্যক্রমের জন্য সন্তোষ প্রকাশ করেন ও কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।
- এছাড়াও স্ব স্ব বিভিন্ন সমস্যার সমাধান প্রত্যাশায় Stakeholder-দের মধ্যে আলোচনা করেন মেসার্স গ্যাপ হোল্ডিংস এর জনাব হাসান চৌধুরী, মেসার্স মডার্ণ পলি ইন্ডাষ্ট্রিজ লিঃ এর বাবু সফল বড়ুয়া, ওয়েল গ্রুপ এর জনাব আবদুল মোতালেব, মেসার্স ইনফিনিয়া কেমিক্যাল এর জনাব মোজাম্মেল হক, জিপিএইচ ইস্পাত লিঃ এর ইঞ্জিনিয়ার মো. সাইফুজ্জামান, মেসার্স প্যাসিফিক জিনস্ গ্রুপ এর জনাব মো. আবদুল মোতালেব, মেসার্স মাওলানা ইস্পাত লিঃ এর জনাব আবদুল মোতালেব, মেসার্স কলকা সিএনজির জনাব নূর এ আলম। অদ্যকার সভায় অন্যান্যদের মাঝে আরো উপস্থিত ছিলেন জেএমআই সিলিন্ডার লিঃ এর জনাব সৈয়দ ফিরোজ আহমদ, ক্ল্যাসিক গ্রুপের জনাব শান্তি বিকাশ বড়ুয়া, সাফরান রেস্তোরা'র জনাব মো. মুশফিকুর রহমান, গাউছিয়া সুইটস এন্ড বেকারি'র জনাব এস এম তাকইউন মিরাজ (আদিল)।

১.৫ সভায় জুম প্ল্যাটফর্মে পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও NIS ফোকাল পয়েন্ট প্রকৌশলী বিশ্বজিৎ সাহা এবং পেট্রোবাংলার আওতাধীন বিভিন্ন কোম্পানির প্রতিনিধিবর্গ সংযুক্ত ছিলেন। সভায় পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় অংশগ্রহণকারী Stakeholder-দেরকে তিনি পেট্রোবাংলার পক্ষ থেকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। Stakeholder-দের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সরকারি বিধি-বিধান প্রতিপালন করে কেজিডিসিএল সেবার মান অব্যাহত রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন এবং বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রায় আমদানিকৃত LNG অপচয় রোধ, জ্বালানি সাশ্রয়ী সরঞ্জাম ব্যবহার/ইভিসি মিটার স্থাপন, অবৈধ গ্যাস সংযোগ পরিহার করার পাশাপাশি বকেয়া গ্যাস বিল আদায়ের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করে আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরো বলেন অবৈধ গ্যাস সংযোগের বিষয়ে সম্মানিত Stakeholder-দের স্ব-স্ব অবস্থান থেকে জানা তথ্য কেজিডিসিএল এর সংশ্লিষ্ট দপ্তরে জানিয়ে জাতীয় স্বার্থ রক্ষার মাধ্যমে সর্বক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা নিশ্চিত করতে হবে। তাছাড়া তিনি বলেন প্রযোজ্যতা অনুযায়ী ডকুমেন্ট দাখিল না করার কারণে অনেক সময় গ্রাহকদের আবেদনের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণে বিলম্বিত হয়, সেক্ষেত্রে সম্মানিত Stakeholder-গণ কোম্পানির ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারের বর্ণিত তথ্য অবলোকন করে সহযোগিতা নিতে পারেন।

১.৬ অদ্যকার অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভায় অংশগ্রহণকারীদের আলোচিত বিষয়সমূহ তথা উত্থাপিত সমস্যাদি কেজিডিসিএল-এর পক্ষ হতে সমাধানের প্রত্যাশা ব্যক্ত করা হয়। সভায় Stakeholder-দের মতামতে উঠে আসা সমস্যাদি বিধি-বিধানের আলোকে সমাধানেরও ইতিবাচক আশ্বাস প্রদান করা হয়। সভায় সেবা গ্রহীতাদের সর্বোচ্চ মর্যাদা এবং কাঙ্খিত সেবা দ্রুত ও নিশ্চিত করার ক্ষেত্রে কেজিডিসিএল কর্মকর্তারা অঙ্গীকার করেন। কেজিডিসিএল-এর পক্ষ হতে গ্রাহক/Stakeholder-দের বিভিন্ন বিষয়ে আলোচনায় অংশ নেন যথাক্রমে মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু, মহাব্যবস্থাপক (বিপণন দক্ষিণ) প্রকৌ. মো. আমিনুর রহমান, মহাব্যবস্থাপক (ফিন্যান্স) জনাব মো. মতিউর রহমান, মহাব্যবস্থাপক (বিপণন উত্তর) প্রকৌ. মো. শফিউল আজম খান, মহাব্যবস্থাপক (আইটি এন্ড প্রি-পেইড মিটারিং) প্রকৌ. মু. রইস উদ্দিন আহম্মদ, উপ-মহাব্যবস্থাপক (বিতরণ) প্রকৌ. অনুপম দত্ত, উপ-মহাব্যবস্থাপক (বিক্রয় দক্ষিণ) প্রকৌ. মো. রফিক খান, উপ-মহাব্যবস্থাপক (লিগ্যাল এ্যাফেয়ার্স) জনাব কবির উদ্দিন আহম্মদ, ব্যবস্থাপক (জনসংযোগ) জনাব মীর মোহাম্মদ সফিউল আলম, ব্যবস্থাপক (বিক্রয় জোন-১) প্রকৌ. মো. আবুল কালাম আজাদ, উপ-ব্যবস্থাপক (বিক্রয় জোন-৩) প্রকৌ. সৌমেন ব্যানার্জী। কেজিডিসিএল-এর সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা প্রধানগণ এতে উপস্থিত ছিলেন।

২.০ <u>সিদ্ধান্ত</u> :

২.১ নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ অব্যাহত রাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিভিশন কর্তৃক তদারকি জোরদার করা হবে। সিএমএইচ/ডিআরএস নিয়মিত রক্ষণাবেক্ষণ অব্যাহত থাকবে। গ্রাহকদের চাহিদার আলোকে ইভিসি মিটার স্থাপন/সংযোগ প্রদান করা হবে।

২.২ বকেয়া গ্যাস বিল আদায় কার্যক্রম জোরদার করা হবে, এক্ষেত্রে গ্রাহক তথা সম্মানিত Stakeholder-গণ কর্তৃক আন্তরিক সহযোগিতা প্রয়োজন হবে।

২.৩ আমদানিকৃত এলএনজি ব্যয়বহুল, এর দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার/অপচয়রোধের লক্ষ্যে কো-জেনারেশন ট্রাই-জেনারেশনের ওপর অধিকতর গুরুত্ব প্রদান করা হবে এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম অব্যাহত থাকবে।

২.৪ সরকার/পরিচালনা পর্ষদ ও পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক বিদ্যমান বিধি বিধানের আলোকে লোড বর্ধিতকরণ ও নতুন গ্যাস সংযোগ অব্যাহত থাকবে। নাম পরিবর্তনের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুযায়ী কাগজপত্র/লাইসেন্স গ্রাহক/আবেদনকারী কর্তৃক যথাযথভাবে দাখিল করা হলে দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে।

২.৫ বিদ্যমান ফোকাল পয়েন্টসমূহ স্ব-স্ব কার্যক্রম সময়াবদ্ধভাবে সম্পন্ন করবে, এক্ষেত্রে প্রযোজ্যতা অনুযায়ী তাদের কার্যক্রম কোম্পানির ওয়েবসাইট-এ আপলোডের জন্য আইটি ডিপার্টমেন্টে এবং মন্ত্রণালয়/পেট্রোবাংলা সংশ্লিষ্ট দপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করবে।

২.৬ বিদ্যমান গ্যাস বিপণন নিয়মাবলী ও গ্যাস আইনের বিধানাবলী এবং সরকারের সিদ্ধান্ত অনুসরণক্রমে সেবা কার্যক্রম অব্যাহত রাখা হবে।

২.৭ সেবা কার্যক্রমের বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে তা সংশ্লিষ্ট ডিভিশনের মাধ্যমে/যথাযথ প্রক্রিয়ায় দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৮ কোম্পানির কাজে সর্বত্র সুশাসন প্রতিষ্ঠা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা অব্যাহত রাখা হবে।

অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অদ্যকার সভায় আর কোন প্রস্তাব/আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে উপস্থিত/সংযুক্ত হয়ে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করায় কেজিডিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পক্ষে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (বিপণন দক্ষিণ) কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০২/২০২০

(এম এ মাজেদ)
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তি : ৩/৬

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২৭-১২-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত

## অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

হাজিরা বিবরণী

| ক্রমিক নং | নাম, পদবী ও মোবাইল নম্বর | প্রতিষ্ঠান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | Engr. Goutam Ch. Kundu. GM (P&D), 01711006323 | KGDCL | [signature] |
| ২. | Md. Aminur Rahman GM (MKT-S) 01777717614 | KGDCL. | [signature] |
| ৩. | Md. Shafiul Azam Khan GM (MKT/N) 01730-728431 | KGDCL | [signature] 27/12/21 |
| ৪. | Md. Matiur Rahman. GM (Finance) 01777717610 | KGDCL | [signature] 27/12/2021 |
| ৫. | Engr. Rais Uddin | GM(IT) KGDCL | [signature] 27/12/21 |
| ৬. | Md. Rafique Khan | DGM, KGDCL | [signature] 27.12.21 |
| ৭. | Md. Shamsul Karim | DGM (S/N-2) KGDCL | [signature] 27.12.21 |
| ৮. | হাসান মোহাম্মদ | DGM (IT) | [signature] 27/12/2021 |
| ৯. | অনুপম দত্ত | DGM (Dist-N) | [signature] 27/12-2021 |
| ১০. | Mojammel Haque | AGM (Intinia Chemicals) | [signature] |

সংযুক্তি : ৩/৭

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

মুজিব শতবর্ষ

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২৭-১২-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত

## অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

হাজিরা বিবরণী

| ক্রমিক নং | নাম, পদবী ও মোবাইল নম্বর | প্রতিষ্ঠান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | MD. ABDUL MOTALEB DGM, 01713105848 | Pacific Jeans Group | [signature] |
| ১২. | MD. ~~Mehedi Hasan~~ MD: Abdul mutalib | Mavlana Ispat Limited | mehedi |
| ১৩. | SHAFAL BARUA GM, 01988855049 | MODERN POLY INDUSTRIES LTD. | [signature] |
| ১৪. | Md. Mamtazur Rahman AGM. 01778750081 | Modern Poly Industries LTD. | [signature] |
| ১৫. | Engr. Rafiqul Islam GM, S.Alamgroup. 01730787950 | S. Alam group (oil) | [signature] |
| ১৬. | Md Hassan Chowdhury Manager. | GEO Holdings Ltd | [signature] |
| ১৭. | Nur-E-Alam (Proprietor) 01711760798 | KOLKA CNG | [signature] |
| ১৮. | Mir Rabiul Hossain AGM- Accounts & Finance 01988802706 | Maf Footwear Ltd | [signature] |
| ১৯. | MD. ABU YOUSUF G.M, 01819874824 Young Int'L | Young Int'L | [signature] |
| ২০. | Md. Shahidul Alam Director-Finance 01716-391301 | NFZ Tori Textile Ltd | [signature] |

সংযুক্তি : ৩/৮

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২৭-১২-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত

## অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

হাজিরা বিবরণী

| ক্রমিক নং | নাম, পদবী ও মোবাইল নম্বর | প্রতিষ্ঠান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২১. | ABDUS SUKKUR<br>G.M<br>01814-951837 | G.C.Box Ltd<br>Oxyzen.ctg. | [signature] 27/12/21 |
| ২২. | MD. DIDARUL ALAM.<br>GENERAL MANAGER<br>MOB: 01938836799 | SA GROUP OF INDUSTRIES | [signature] 27/12/21 |
| ২৩. | ANJAN SHEKHAR DAS<br>DIRECTOR<br>The Chittagong Chamber of Commerce & Industry | 01711720484 | [signature] |
| ২৪. | Chandan Moy Nandy<br>Manager (Law -LC)<br>Legal Affairs Department | 01818-894705 | [signature] |
| ২৫. | Engr. Md. Abul Kalam Azad<br>Manager (Zone-1), Sales N-1<br>01716008281 | KGDCL | [signature] |
| ২৬. | Engr. Md. Alamgir Hossain<br>Deputy Manager (Z-10), S/S-2<br>01933980575 | KGDCL | [signature] |
| ২৭. | Engr. Md. Imran Ali<br>DM (Z-8), S/S-1 Dept.<br>01730-402625 | KGDCL | [signature] |
| ২৮. | Engr. Sonmoy Banerjee<br>DM (Z-3) S/N-2,<br>01819828622 | KGDCL | [signature] |
| ২৯. | Engr. Md. Badiul Alam<br>M (Sales, Z-12)<br>01911767811 | KGDCL | [signature] |
| ৩০. | Md. Majibur Rahman<br>Manager (C.R)<br>01725-559678 | KGDCL | [signature] 27.12.21 |

সংযুক্তি : ৩/৯

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২৭-১২-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত

## অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

হাজিরা বিবরণী

| ক্রমিক নং | নাম, পদবী ও মোবাইল নম্বর | প্রতিষ্ঠান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩১. | PRAJIT BARUA Manager (sales, 2-04) 01819618169 | KGDCL | [signature] 27.12.21 |
| ৩২. | Kabir Uddin Ahmmed DGM (Legal Affairs) 01787653604 | KGDCL | [signature] |
| ৩৩. | Mohammad Nazimuddoula Deputy Manager 01717335564 | KGDCL | [signature] 27/12/2021 |
| ৩৪. | SYED FEROZ AHMED AGM (plant) JMI CYLINDERS LTD 01777742714 | JMI CYLINDERS LTD | [signature] 27/12/2021 |
| ৩৫. | M.A. Motaleb Chief Engineer Well Group, BSCIC, Kalurghat 01713432712 | Well Group | [signature] 27/12/21 |
| ৩৬. | Shanti Bikash Barua MD Choeis Washing Ltd BSCIC Kalurghat Ctg | Chois Group | [signature] 27/12/2021 |
| ৩৭. | Md. Mushfiqur Rahman. Manager 01680776955. | Saffron Restaurant | [signature] |
| ৩৮. | Engr. Md. Saif-uz-zaman Saleem. Head of Steel Melting Shop. 01716-760474. | GPH Ispat Ltd. | [signature] 27.12.21 |
| ৩৯. | S. M. Takween Meraj (Adil) Managing Director 01715-242062 | Ghowsia Sweets & Bakery | [signature] |
| ৪০. | Muhammad Rifat Newshad Bhuiya M (Z-11) 33-2 01819352377 | KGDCL | [signature] 27/12/21 |

সংযুক্তি : ৩/১০

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২৭-১২-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত

## অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

হাজিরা বিবরণী

কার্তিক ৩/৫

| ক্রমিক নং | নাম, পদবী ও মোবাইল নম্বর | প্রতিষ্ঠান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪১. | Engr. Hasan Al Kadir<br>Deputy Manager (Zone-7)<br>01712624244 | KGDCL, | [signature] |
| ৪২. | Tushar Madhu<br>Deputy Manager<br>01718-266276 | KGDCL | [signature] 27/12/2021 |
| ৪৩. | Md. Kutubur Rahman<br>AO | KGDCL | [signature] 27/12/21 |
| ৪৪. | মীর মোহাম্মদ সাইফুদ্দিন আহমদ<br>M (PR) | KGDCL | [signature] ২৭/১২/২১ |
| ৪৫. | | | |
| ৪৬. | | | |
| ৪৭. | | | |
| ৪৮. | | | |
| ৪৯. | | | |
| ৫০. | | | |